ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





বিদেশযাত্রা নিয়ে এবার স্বস্তিতে জ্যাকুলিন — পৃঃ ৫





যে কারণে পিএসজি ছাড়লেন নেইমার — পৃঃ ৬



Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৩১ ● কলকাতা ● ০৫ ভাদ্র, ১৪৩০ ● মঙ্গলবার ● ২২ আগস্ট, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা


## ইমাম ও মোয়াজ্জেমদের ভাতা বাড়ালেন মুখ্যমন্ত্রী, বাড়ল পুরোহিতদের ভাতাও



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** দাবি মেনে ইমাম ও মোয়াজ্জেম ভাতা বাড়ালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দু'ক্ষেত্রেই ৫০০ টাকা ভাতাবৃদ্ধির ঘোষণা করেন তিনি। সমপরিমাণ ভাতা বাড়ল পুরোহিতদেরও। সোমবার নেতাজি ইন্ডোর স্টেডিয়াম ইমাম-মোয়াজ্জেমদের সভায় যোগ দিয়েছিলেন রাজ্যের প্রশাসনিক প্রধান।এদিনের অনুষ্ঠানের মঞ্চ থেকে সংখ্যালঘুদের প্রতি বঞ্চনার অভিযোগ তুলে বিজেপিতে একহাত নেন মমতা। তাঁর কথায়, 'সংখ্যালঘুদের দেখলেই ওঁদের ডেঁয়ো পিঁপড়ে কামড়ায়।' এমনকী, রাজ্যের শান্তি নষ্ট করতে বিজেপির গেরুয়া ধ্বজাধারীরা দাঙ্গা লাগাতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, 'হিন্দুভাইরা দাঙ্গা করে না। সংখ্যালঘুরা দাঙ্গা করে না। বিজেপি উসকানি দেয়।' এরপরই বিজেপির 'ষড়যন্ত্র' ফাঁস করে সংখ্যালঘু সম্প্রদায়কে মুখ্যমন্ত্রীর পরামর্শ, 'সংখ্যালঘু ভাইয়েরা বড্ড তাড়াতাড়ি মাথা গরম করে ফেলেন। এটা করবেন না। ওঁরা চায় যাতে আপনারা মাথা গরম করেন। তাহলেই অশান্তির জিগির তুলতে পারবে ওঁরা মুসলিমদের সন্ত্রাসবাদী বলে দাগিয়ে দিতে পারবে। এন আই এ লেলিয়ে দেবে।' সংখ্যালঘু সম্প্রদায়ের ইমাম ও


এরপর ৩ পাতায়


## নিয়োগ কাণ্ডে অভিষেকের আবেদনের শুনানি শেষ হাই কোর্টে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** নিয়োগ মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আবেদনের শুনানি শেষ হল কলকাতা হাই কোর্টে। তবে শুনানি শেষ হলেও আদালত কোনও রায় ঘোষণা করেনি। সোমবার বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে মামলাটির শুনানি শেষ হলে তিনি জানান, আপাতত মামলাটির রায়দান স্থগিত রাখা হচ্ছে। আদালতে আগে এই আবেদনের সঙ্গে জড়িত সমস্ত পক্ষ লিখিত ভাবে নিজেদের বক্তব্য জমা দেবে।যদিও অভিষেকের আবেদনের তীব্র বিরোধিতা করে ইডির আইনজীবী এসভি রাজু তাঁর সওয়ালে জানান, নিয়োগ মামলায় ধৃত সুজয়কৃষ্ণ কখনও শিক্ষা দফতরের সঙ্গে যুক্ত ছিলেন না। তাঁর সঙ্গে অভিষেকের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। সেই 'লিঙ্ক' পাওয়া গিয়েছে। তাই এই অবস্থায় অভিষেকের বিরুদ্ধে তদন্ত কোনও ভাবে বন্ধ করা যায় না। কুন্তলের চিঠি বা অভিষেকের বক্তব্যের সঙ্গে এই তদন্তের কোনও যোগ নেই। নিয়োগ দুর্নীতিতে বিশাল অঙ্কের টাকা লেনদেনের হদিস পেতেই অভিষেককে জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হয়েছিল। অর্থের বিনিময়ে চাকরি হয়েছে। এখন তদন্তকারী সংস্থাকে আটকানো উচিত নয়। কিছু না পাওয়া গেলে 'ক্লিনচিট' দেওয়া হবে। সোমবারও দু'পক্ষ নিজেদের বক্তব্য জানিয়েছেন আদালতে। আপাতত তাই ৫ সেপ্টেম্বরের রায়ের দিয়েই তাকিয়ে রাজ্য। রায়দানের আগে সেই বক্তব্য খতিয়ে দেখবে আদালত।

প্রাথমিকের নিয়োগ মামলায় রাজ্যের শাসক দল তৃণমূলের


এরপর ৩ পাতায়


## হঠাৎ নয়াদিল্লি যাচ্ছেন রাজ্যপাল, যাদবপুর বিশ্ববিদ্যালয় বিতর্কের মধ্যেই ঝটিকা সফর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্র মৃত্যু নিয়ে বিতর্ক এখনও অব্যাহত। এখানে আবার নতুন উপাচার্য নিয়োগ করেছেন রাজ্যপাল তথা আচার্য সিভি আনন্দ বোস। এই নিয়ে রাজ্য রাজ্যপাল সংঘাত চরমে উঠেছে। এমনকী বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে মামলা করেছে রাজ্য সরকার। এছাড়া বিধানসভায় রাজ্যপালের বিরুদ্ধে আগামীকাল মঙ্গলবার প্রস্তাব আনা হবে বলে সূত্রের খবর।আর কী জানা যাচ্ছে? পঞ্চায়েত নির্বাচনের সময় থেকেই সংঘাতের বাতাবরণ তৈরি হয়। সেটা এখনও অব্যাহত রয়েছে। তার মধ্যেই আজ উপাচার্য নিয়োগ মামলায় রাজ্যপাল সিভি আনন্দ বোসকে পার্টি করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টের বিচারপতি দীপঙ্কর দত্ত এবং বিচারপতি সূর্যকান্তর বেঞ্চ এই নির্দেশ দিয়েছেন। তার মধ্যেই রাজ্যপালের নয়াদিল্লি সফর বেশ ইঙ্গিতপূর্ণ। সূত্রের খবর, এখনও পর্যন্ত রাজ্যপাল সিভি আনন্দ বোসের নয়াদিল্লি সফরের পূর্ব নির্ধারিত কর্মসূচি নিয়ে কিছু জানা যায়নি।এই পরিস্থিতিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস হঠাত করে নয়াদিল্লি সফরে যাচ্ছেন বলে


এরপর ৩ পাতায়



পুণ্য কর্মে যোগ দিন

আপনি চাইলেই ভারতের বিখ্যাত কোনও মন্দিরের গায়ে নিজের নাম লেখাতে পারবেন না,

কিন্তু বিশ্বমাতা মন্দিরে পারবেন। *



ঠাকুর শ্রীসমীরেশ্বরের আরাধ্যা দেবী বিশ্বমাতা দক্ষিণা কালীর



বিশ্বমাতা মন্দির তৈরী হচ্ছে



সম্পূর্ণ পাথরের তৈরী এই মন্দিরে লোহা, স্টিল ব্যবহৃত হচ্ছে না।

দেখতে হলে ট্রেনে বিশরপাড়া, বাসে মাইকেলনগর নামুন।

*Call 9883690383

ঠাকুর শ্রীশ্রী সমীর ব্রহ্মচারী বিশ্ব সেবাশ্রম সঙ্ঘ

১৯১ বিশ্ব সেবাশ্রম সঙ্ঘ রোড, তালপুকুর, ১৮ নং ওয়ার্ড, নিউ ব্যারাকপুর, কলকাতা-১৩১।



নিউজ সারাদিন কবিতা সংকলন

শ্রীমিতা

সম্পাদকঃ মৃত্যুঞ্জয় সরদার

লেখা পাঠানোর পদ্ধতিঃ-

১. স্রষ্টার লেখা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের মধ্যেই নির্বাচিত হবে।
৩. লেখা পাঠানোর ৩ দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. লেখা হোয়াটসঅ্যাপ টাইপ অথবা ডকুমেন্ট করে পাঠাতে হবে।

লেখা পাঠানোর ঠিকানাঃ-

6295314053

লেখা পাঠানোর সময় সীমাঃ-

২রা সেপ্টেম্বর, ২০২৩

আমাদের বৈশিষ্ট্যঃ-

১. Govt. Registered
২. ISBN allocated
৩. Online/Ofline selling

*[বি: দ্রঃ— বই প্রকাশ অনষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলার বিশিষ্ট সাহিত্য, অভিনয়, সঙ্গীত ও নৃত্য জগতের দিকপালেরা, এছাড়াও সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।]

**[বিঃ দ্রঃ— আমরা সৌজন্য সংখ্যা দিতে অপারগ তাই একটি কপি বই প্রিবুক করার অনুরোধ জানাই।]

## বিনামূল্যে চক্ষু পরীক্ষা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : হাতিয়াড়া গোট হাজি মহলে জমিয়তে উলামায়ে বাংলার উদ্যোগে,,সম্পূর্ন বিনামূল্যে চক্ষু পরীক্ষা, ছানি নির্নয়, ,চশমা প্রদান শিবির ও স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়,,উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড: কবির আহমেদ কলকাতা মারোয়ারী রিলিফ সোসাইটি হসপিটাল এর চিকিৎসক, হোমিওপ্যাথি বিশেষজ্ঞ ডাঃ প্রকাশ মল্লিক এছাড়া উপস্থিত ছিলেন বাকচর্চার কর্ণধার মুহাম্মদ হেলালউদ্দিন, মোহাম্মদ আরশাদ আলী .আহমেদ আলী মল্লিক. মাহফুজ হাসান ও বিশিষ্ট জনেরা, উক্ত অনুষ্ঠানে বাকচর্চার বুক স্টলে ভিড় ছিল চোখে পড়ার মতো

## যাদবপুর মামলায় সব ছাত্র সংগঠন পার্টি করার নির্দেশ,

# কর্তৃপক্ষকে 'অন্য কারণে বিখ্যাত' না হওয়ার পরামর্শ হাইকোর্টের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রথম বর্ষের ছাত্রমৃত্যুর ঘটনায় এবার সব ছাত্র সংগঠনকে মামলায় অন্তর্ভুক্ত করার নির্দেশ। সোমবার এই নির্দেশ দিল কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চ। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আদালতে একটি জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন তৃণমূল মুখপাত্র সুদীপ রাহা।সব শুনে প্রধান বিচারপতি প্রশ্ন করেন, "ছাত্রদের কীভাবে রাখা হয়? তাদের কী কোনও ভাগ আছে?" বিশ্ববিদ্যালয়ের প্রতি তাঁর মন্তব্য, "যদি আপনারা (বিশ্ববিদ্যালয়) চার দেওয়ালের মধ্যে এই সমস্যার সমাধান করতে পারেন তাহলে কোন অসুবিধা নেই। আপনারা( বিশ্ববিদ্যালয়) যদি অন্য কারণে বিখ্যাত হয়ে যান, সাধারণ মানুষের অসুবিধা হয় তাহলে সেটা সমস্যার। এই ঘটনা নিয়ে রাজনীতি কাম্য নয়। এই সমস্যার সমাধান করার জন্য হোস্টেলের ওয়ার্ডেন উপযুক্ত ব্যক্তি। তাঁর কথা ছাত্র শুনবেন বলে মনে হয়। আইনে বিশ্ববিদ্যালয়ের হাতে অনেক ক্ষমতা রয়েছে। তারা যদি সেই আইন কার্যকর করতে না পারে তাহলে আমাদের ভেবে দেখতে হবে।''এরপরেই প্রধান বিচারপতি বলেন, "যাঁরা এই বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে বেরোবেন, তাঁরা যেন তাঁদের প্রতিষ্ঠান নিয়ে গর্ব করতে পারেন, তাঁরা যেন সুখ স্মৃতি নিয়ে এগিয়ে যেতে পারেন। সব প্রতিষ্ঠানের একটা খারাপ সময় আসে, আশা করি ঠিক হয়ে যাবে।"

এরপরেই যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনগুলিকে মামলায় পার্টি করার নির্দেশ দেয় বেঞ্চ। দু সপ্তাহ পরে ফের শুনানি।সেই মামলারই শুনানি চলাকালীন এই নির্দেশ দেয় আদালত। পাশাপাশি, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে হস্টেল ও ক্যাম্পাস নিয়ে যাবতীয় রেজোলিউশন বা সিদ্ধান্তের নথি পেশ করতেও নির্দেশ দেওয়া হয়েছে এদিন।

এদিন প্রধান বিচারপতি টি এস শিবাজ্ঞনম এবং বিচারপতি হিরন্ময় ভট্টাচার্য ডিভিশন বেঞ্চের সামনে সওয়াল করতে গিয়ে আইনজীবী কল্যাণ বন্দোপাধ্যায় বলেন, ''গতকালের নবাগতই আগামিকালের 'দাদা' হয়ে যাচ্ছে। নবাগত হিসাবে সে যে পরিস্থিতির সম্মুখীন হয়েছে, পরে সেটাই সে অন্যদের উপর প্রয়োগ করছে। দশকের পর দশক ধরে এটা চলছে। বিশ্ববিদ্যালয় কিছুই করেনি। ছাত্র মৃত্যুর ঘটনায় বিশ্ববিদ্যালয় বা ছাত্ররা কেউ FIR দায়ের করেনি। পরিবারের তরফ থেকে FIR দায়ের করা হয়েছে। পুলিশকে হস্টেলে ঢুকতে দেওয়া হল না। এই বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা কেন এত উশৃঙ্খল? কেন এত হিংস্র? কেন কোনও উপাচার্যকে কাজ করতে দেওয়া হয় না?"আদালতে কল্যাণ বন্দ্যোপাধ্যায় দাবি করেন, ২০১২ সালে প্রথমে সিসিটিভি লাগানো শুরু হয়, উপাচার্যকে ৫৩ ঘণ্টা ঘেরাও হয়, তাঁকে পদত্যাগ করতে হয়। তারপরে আরও একজন উপাচার্য আসেন, তাঁকেও পদত্যাগ করতে হয়। তৃতীয় উপাচার্যকেও পদত্যাগ করতে হয়।

রাজ্যের তরফে জানানো হয়, Ragging শুধুমাত্র এখানে হচ্ছে এমন নয়, এই ধরনের ঘটনা দেশের সমস্ত প্রথম সারির শিক্ষাপ্রতিষ্ঠানে হচ্ছে। পাশাপাশি, তাদের আশ্বাস, এই ঘটনাকে উপযুক্ত গুরুত্ব দিয়ে দেখতে হবে। পুলিশকে ঢুকতে বাধা দেওয়া হয়েছে এই মর্মে মামলা রুজু হয়েছে বলেও জানায় রাজ্য।

## প্যাকেজড পানীয় জলের শীর্ষ সংস্থা অনিরাপদ প্যাকেজযুক্ত

# পানীয় জলের ব্যাপক বিক্রয়ের বিষয়ে গুরুতর স্বাস্থ্য ক্ষয়ে জন্যে উদ্বেগ প্রকাশ করেছে

**ওয়েস্ট বেঙ্গল প্যাকেজড ড্রিংকিং ওয়াটার ম্যানুফ্যাকচারার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (ডব্লিউবিপিডিডব্লিউএমডব্লিউএ) অভিযোগ করেছে যে প্যাকেজড পানীয় জলের বৃহৎ আকারের নকল উতপাদন ভয়ানক স্বাস্থ্য আতঙ্কের পরিস্থিতি তৈরি হয়েছে এবং জলবাহিত রোগের কারণে রাজ্যের মানুষের মধ্যে বিদ্বেষের অনুভূতি বাড়ছে। অ্যাসোসিয়েশন একটি উদ্বেগজনক পরিস্থিতি তৈরি হওয়ার আগে বেইমান নির্মাতাদের নিয়ন্ত্রণ করতে অবিলম্বে সরকারি হস্তক্ষেপের আহ্বান জানিয়েছে।**




**21st August 2023, Kolkata: নিউজ সারাদিন :** ওয়েস্ট বেঙ্গল প্যাকেজড ড্রিংকিং ওয়াটার ম্যানুফ্যাকচারার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (ডব্লিউবিপিডিডব্লিউএমডব্লিউএ), পশ্চিমবঙ্গের প্যাকেজড পানীয় জলের শীর্ষ সংস্থা, অস্বাস্থ্যকর প্যাকেজড পানীয় জলের অননুমোদিত উতপাদন এবং বিক্রয়ের জন্য জলের ব্যাপক অপব্যবহার এবং জনগণের স্বাস্থ্যের উপর এর প্রতিকূল প্রভাব নিয়ে গুরুতর উদ্বেগ প্রকাশ করেছে।

কলকাতায় একটি সাংবাদিক সম্মেলনে উধর্বতন কর্মকর্তাদের মধ্যে শ্রী সঞ্জীব নাগ-সভাপতি, শ্রী জিতেন্দ্র সুরানা-চেয়ারম্যান, শ্রী নবীন জয়রামকা-সচিব, শ্রী সুকমল পাল-পূর্ব সভাপতি, শ্রী সুদীপ ঘোষ-সহ সভাপতি-ডব্লিউবিপিডিডব্লিউএমডব্লিউএ এবং ডঃ হরিন্দর সিং (অ্যাসোসিয়েশনের আইন ও মিডিয়া সমন্বয়কারী এবং অ্যাডভোকেট) বক্তব্য রাখেন তারা বলেন অ্যাসোসিয়েশন, যার মূলমন্ত্র স্লোগান হল "জলই জীবন" আমাদের উদ্দেশ্য হল রাষ্ট্রের নাগরিকদের সচেতন করা এবং আমাদের সমাজে ঘৃণার তীব্রতা যা উদ্বেগজনক হারে বাড়ছে তা সরকারের নজরে আনা।

মিঃ সুদীপ ঘোষ বলেন, "যদিও পশ্চিমবঙ্গে মাত্র ৩৫০-৪০০ লাইসেন্সযুক্ত প্যাকেজযুক্ত পানীয় জল প্রস্তুতকারক রয়েছে, তবে হাজার হাজার অবৈধ ইউনিটগুলি লোকালয়ে গড়ে উঠেছে, যার ফলে ব্যবহারকারীদের উপর বিরূপ প্রভাব পড়ছে এবং এটি রাজ্যব্যাপী স্বাস্থ্য ঝুঁকির চেয়ে কম কিছু নয়।"

অনিয়ন্ত্রিত উৎপাদকরা জল সরবরাহের অখণ্ডতার সাথে আপস করে বলে ঝুঁকির মধ্যে পড়ে অসংখ্য জীবন। অনিরাপদ জলে কলেরা এবং টাইফয়েডের মতো জলবাহিত রোগ হওয়ার সম্ভাবনা রয়েছে। এই অনিয়ন্ত্রিত ইউনিটগুলির আইনি সম্মতি এবং মানগুলিরও অভাব রয়েছে যার কারণে এটি মূল্যবান জল সম্পদ এবং পরিবেশের উপরও বড় প্রভাব ফেলে।

মিঃ হরিন্দর সিং বলেন "আমাদের প্রাথমিক উদ্দেশ্যগুলির মধ্যে একটি হল জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা এবং জলবাহিত রোগ এড়াতে নাগরিকদের নির্ণায়ক উপভোক্তা হওয়ার জন্য সচেতন করা। বিভিন্ন স্টেকহোল্ডার, এনজিও, সরকারের সাথে জড়িত হয়ে এই জটিল উদ্বেগগুলিকে মোকাবেলা করার জন্য কার্যকর সমাধান তৈরি করাও আমাদের উদ্দেশ্য," ডব্লিউবিপিডিডব্লিউএমডব্লিউএ এই সত্যটি তুলে ধরেছে যে কোনো লেবেল বা অতিরিক্ত খনিজকরণ এবং পরিশোধন ছাড়াই ২০ লিটারের জার তৈরি এবং বিক্রি করা হচ্ছে স্থানীয় এলাকায় যার ফলে সাধারণ জনগণের স্বাস্থ্য এবং আস্থা উভয় ক্ষেত্রেই ঝুঁকি সৃষ্টি হচ্ছে। এই জালিয়াতি ২০ লিটার জারগুলি বাংলার প্যাকেজযুক্ত পানীয় জল বাজারের প্রায় ৯০% দখল করে ফেলেছে। জনসাধারণ এই উদ্বেগজনক সত্য সম্পর্কে জানেন না বলে তাদের নিজের ক্ষতির জন্য জল খেয়ে যাচ্ছে।

মি. নবীন জয়রামকা বলেন এইসব এড়ানোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ যে প্রতিটি ব্যাচের জল পাঠানোর আগে সর্বাঙ্গীণ নমুনা পরীক্ষা করা হয় এবং তার সাথে সঠিক লেবেলিংও অত্যন্ত জরুরি। জলের পাত্রে আইএসআই, বিআইএস, এবং এফএসএসএআই লাইসেন্সের বিবরণ বিশিষ্টভাবে প্রদর্শিত করা উচিত যা গুণমান এবং নিরাপত্তার সূচক হিসেবে কাজ করে। অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ সরকারের প্রধান সচিবের তত্ত্বাবধানে টাস্কফোর্স গঠনের জন্য জরুরি আবেদন করেছে। এই টাস্কফোর্স সরাসরি পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায়, জেলা ম্যাজিস্ট্রেটের সাব-তত্ত্বাবধানে কাজ করবে। আমাদের প্রাথমিক উদ্দেশ্য হল প্রতিটি জেলায় একটি ডেডিকেটেড টাস্ক ফোর্স তৈরি করা, যার মধ্যে পুলিশ এনফোর্সমেন্ট, ফুড অ্যান্ড সিকিউরিটি বিভাগ, বিআইএস বিভাগ, স্থানীয় পুলিশ স্টেশন, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ বোর্ড এবং অন্যান্য লাইসেন্সধারী বিভাগের সদস্যরা অন্তর্ভুক্ত থাকবেন।

এই টাস্কফোর্স গঠন বেআইনি অনিয়ন্ত্রিত জল বাণিজ্য অনুশীলন গুলিকে প্রতিরোধ করতে সক্ষম হবে যা বর্তমানে রাষ্ট্রকে ক্ষতিগ্রস্ত করছে।

একটি গুরুত্বপূর্ণ আইনি প্রক্রিয়ায়, পশ্চিমবঙ্গ হাইকোর্ট, এনজিও নিগারনি সংস্থার দায়ের করা একটি জনস্বার্থ মামলার (পিআইএল) জবাবে এবং কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির সভাপতিত্বে, একটি যুগান্তকারী রায় জারি করেছে। মামলাটি, WPA(P)/228/ 2021 নম্বরযুক্ত, জলের অপব্যবহার এবং অস্বাস্থ্যকর জলের পণ্য বিক্রির উদ্বেগজনক সমস্যাগুলি মোকাবেলায় অবিলম্বে পদক্ষেপ নেওয়ার এবং গুরুতর প্রয়োজনীয়তার উপর জোর দেয়া।

রায়টি নিগরানি সংস্থার দ্বারা উত্থাপিত, অননুমোদিত জল উত্তোলন এবং নিম্নমানের জলের পণ্য বিক্রয়ের প্রতি জরুরী মনোযোগের উপর জোর দেয় এবং এই কার্যকলাপগুলি নিয়ন্ত্রণ ও নিয়ন্ত্রণের জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জন্য একটি গুরুত্বপূর্ণ আহ্বান হিসাবে কাজ করা।

ওয়েস্ট বেঙ্গল প্যাকেজড ড্রিংকিং ওয়াটার ম্যানুফ্যাকচারার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন বিশ্বাস করে যে এই প্রেস কনফারেন্স টি সচেতনতা বাড়াতে, স্টেকহোল্ডারদের সাথে যুক্ত হতে এবং এই জটিল উদ্বেগ গুলি মোকাবেলায় কার্যকর সমাধান তৈরি করার জন্য একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসাবে কাজ করবে।

## সবকিছু গন্ডগোল হয়ে গেলেও

# চন্দ্রযান নিরাপদে সফল অবতরণ করবেই, বুঝিয়ে বললেন মহাকাশবিজ্ঞানী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যতই সমস্যা হোক, ত্রুটি হোক, এমনকি যদি কোনও ভুলও হয়ে যায়, তবুও নাকি নিরাপদেই সফল অবতরণ করবে চন্দ্রযান ৩ । চন্দ্রযানের বিক্রম ল্যান্ডারে যে অভ্যন্তরীণ 'স্যালভেজ মোড' রয়েছে, তা এতটাই শক্তিশালী বলে জানালেন, বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্সের মহাকাশ বিজ্ঞানী, প্রফেসর রাধাকান্ত পাটি ।চন্দ্রযান-২ অভিযানের তিনটি অংশ ছিল, অরবিটার (যা কক্ষপথে পাক খায়), ল্যান্ডার (যা মাটিতে অবতরণ করে এবং এক জায়গায় থিতু হয়) এবং রোভার (যন্ত্রচালিত গাড়ি)। সূত্রের খবর, চন্দ্রযান-৩ (chandrayaan-3) অভিযানে অরবিটার থাকছে না। শুধু ল্যান্ডার এবং রোভার থাকবে। এবারের ল্যান্ডার বিক্রম গতবারের চেয়ে অনেক বেশি শক্তপোক্ত।

বিক্রমের পা অনেক বেশি মজবুত করা হয়েছে যাতে ল্যান্ডিংয়ের সময় যে ধাক্কা লাগবে তার অভিঘাত সহজেই সইতে পারে। ল্যান্ডিংয়ের বেগ প্রতি সেকেন্ডে দু'মিটার থেকে বাড়িয়ে তিন মিটার করা হয়েছে। অর্থাত বেশি বেগে অবতরণের সময়ও ল্যান্ডারের 'পা' ভাঙবে না।

রোভারও অনেক উন্নত। এতে থাকছে আলফা পার্টিকল এক্স-রে স্পেকট্রোমিটার এবং লেজার ইনডিউসড ব্রেকডাউন স্পেকট্রোস্কোপ ।

এবার চাঁদে সফট ল্যান্ডিং করার জন্য যে জায়গা বেছে নেওয়া হয়েছে, সেটার পরিধি আগেরবারের থেকে বেশি রাখা হয়েছে। গতবার চাঁদে অবতরণের জন্য ল্যান্ডার 'বিক্রম'-র কাছে মাত্র ৫০০ মিটার X ৫০০ মিটার জায়গা ছিল। এবার সেটা বাড়িয়ে ৪ কিলোমিটার X ২.৪ কিলোমিটার করা হয়েছে। তিনি উল্লেখ করেন, দ্বিতীয় চন্দ্রযানের ব্যর্থতার পরে অনেক উন্নতি করে এই ব্যবস্থা করা হয়েছে। এবার নিরাপদ অবতরণ হবেই, তাতে কোনও সন্দেহ নেই।

দু'বছর আগে চন্দ্রযান ২-এর ব্যর্থতার মূল কারণ ছিল, ল্যান্ডার বিক্রম তার গতি নিয়ন্ত্রণ করতে পারেনি এবং এটি ধাক্কা খেয়ে মুখ থুবড়ে পড়েছিল চাঁদের মাটিতে। এটি একটি 'অ্যালগরিদম ত্রুটি' ছিল বলে ব্যাখ্যা করে ওই বিজ্ঞানী জানান, সেই ত্রুটি এখন সংশোধন করা হয়েছে। বিক্রম ল্যান্ডারের পা এখন আরও মজবুত।

চন্দ্রযান ২ এবং ৩, এই দুই অভিযানের সঙ্গেই জড়িয়ে রয়েছেন প্রফেসর রাধাকান্ত পাটি। ইসরোর চন্দ্র মিশনে তিনি-সহ আরও অনেক বিজ্ঞানীই অবদান রেখেছেন বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স থেকে। সেই অভিজ্ঞতা থেকেই প্রফেসর পাটি বলেন, 'ইসরোর বিজ্ঞানীরা চন্দ্রযান ২ নিয়ে 'ওভার কনফিডেন্ট' ছিলেন। সেই শিক্ষা থেকেই চন্দ্রযান ৩-এর এমন নকশা করেছেন, যাতে সবকিছু ভুল হয়ে গেলেও এটি অবতরণ করবেই।

তাঁর কথায়, 'চন্দ্রযান ৩ আরও অনেক শক্তিশালী, তার স্ট্রেস পরীক্ষা করা হয়েছে আরও খুঁটিয়ে, সমস্ত জানা-অজানা, সব রকম বিষয়ের যত্ন নিয়েছে ইসরো। যেমন, এইবারে বিক্রম ল্যান্ডারে দুটি অন-বোর্ড কম্পিউটার ছিল, চন্দ্রযান ২-এর ক্ষেত্রে কেবল একটি ছিল।'

ইতিমধ্যেই ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ঘোষণা করেছে, ২৩ অগস্ট ল্যান্ডার বিক্রম চাঁদে নামবে সন্ধে ৬টা বেজে ৪ মিনিটে। এর আগে ঘোষণা করা হয়েছিল ২৩ অগস্ট সন্ধ্যা ৫টা ৪৭ মিনিটে চন্দ্রপৃষ্ঠে অবতরণ করবে ল্যান্ডার 'বিক্রম'। পরে তা ১৭ মিনিট পিছোনো হয়। এই অবতরণের লাইভ টেলিকাস্ট দেখানো শুরু হবে ইসরোর সোশ্যাল মিডিয়া পেজে, বুধবার বিকেল ৫টা ২০ থেকে।

সব মিলিয়ে, এখন অবতরণের আগে শেষ মুহূর্তের প্রস্তুতি নিচ্ছে চন্দ্রযান। এর মধ্যেই চাঁদের যে দিক পৃথিবীর সামনে থাকে, তার উল্টো দিকের এলাকায় তোলা কয়েকটি ছবি পাঠিয়েছে চন্দ্রযান। তাতে লাগানো 'ল্যান্ডার হ্যাজার্ড ডিটেকশন অ্যান্ড অ্যাভয়েডেন্স ক্যামেরা'য় তোলা সে ছবি দেখে রীতিমতো রহস্যময় দেখাচ্ছে চাঁদকে। তার সমস্ত সৌন্দর্য যেন মিশে গেছে কেবল পাথর-মাটি-গর্তে।

ওই অত্যাধুনিক ক্যামেরার কাজই হল, চাঁদে অবতরণের জন্য একটি সুরক্ষিত জায়গা খুঁজতে সাহায্য করা অর্থাৎ চাঁদের যেখানে অবতরণ করবে ল্যান্ডার বিক্রম, সেখানে যাতে কোনওরকম বোল্ডার বা গভীর কোনও গর্ত না থাকে, তা নিশ্চিত করার কাজ চালিয়ে যাচ্ছে এই ক্যামেরা।

এরপর ৩ পাতায়



১-ম পাতার পর

# নিয়োগ কাণ্ডে অভিষেকের আবেদনের শুনানি শেষ হাই কোর্টে

সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেককে সমন পাঠিয়েছিল ইডি। সেই সমনের যথার্থতা নিয়ে প্রশ্ন তুলেই আদালতে পাল্টা আবেদন করেন অভিষেক। তাঁর যুক্তি ছিল, অভিযুক্তের তালিকায় তাঁর নাম নেই। তার পরেও আদালতের নির্দেশ মেনে তদন্তে সহযোগিতা করছেন তিনি। কিন্তু দুর্নীতির তদন্ত শেষ হতেই চাইছে না। তাই মামলা থেকে তাঁকে অব্যাহতি দেওয়া হোক। সোমবার সেই আবেদনেরই শুনানি শেষ হল বিচারপতি ঘোষের এজলাসে। গত বৃহস্পতিবারও মামলাটির শুনানি ছিল। এ ব্যাপারে ইডির বক্তব্য জানতে চেয়েছিল আদালত। বিচারপতি ঘোষ প্রশ্ন করেছিলেন, 'অভিষেক সাক্ষী না অভিযুক্ত? ভবিষ্যতে তিনি কি কোনও ভাবে এতে জড়িত হতে পারেন?' এর জবাবে ইডি বলেছিল, ' এই মামলায় সুজয়কৃষ্ণ ভদ্রকে আমরা গ্রেফতার করেছি। তাঁর সঙ্গে অভিষেকের যোগাযোগ ছিল। তদন্তে তার প্রমাণ আমরা পেয়েছি। তদন্তে অগ্রগতি হলে বিষয়টি স্পষ্ট হবে।' এর পরেই সোমবার এই মামলার সব পক্ষকে নিজের বক্তব্য আদালতে জমা দিতে নির্দেশ দেন বিচারপতি। সোমবার মামলাটির শুনানি ছিল। বিচারপতি দুপক্ষের বক্তব্য শোনার পর বলেন, "সব পক্ষ লিখিত ভাবে বক্তব্য জমা দেবে। আগামী ৫ সেপ্টেম্বর মামলার রায় ঘোষণা করা হবে।"স্কুলের নিয়োগ মামলা থেকে রক্ষাকবচের আবেদন জানিয়েই হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন অভিষেক। গত ৩ অগস্ট তাঁর আইনজীবী সিঙ্ঘভি তাঁর সওয়ালে জানান, তাঁর মক্কেল এই মামলার সঙ্গে কোনও ভাবে যুক্ত নন।নিয়োগ দুর্নীতিতে ধৃত কুন্তল ঘোষের চিঠির প্রেক্ষিতে তাঁকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। এর পরে তাঁর আর কোনও ভূমিকা থাকতে পারে না। তা সত্ত্বেও আদালতের নির্দেশ মেনে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দফতরে হাজিরা দিয়েছেন তিনি। তদন্তে সহযোগিতা করেছেন। সিঙ্ঘভির যুক্তি, প্রায় এক বছরেরও বেশি সময় ধরে নিয়োগ দুর্নীতি মামলার তদন্ত চলছে। কিন্তু কিছুতেই তদন্ত শেষ হচ্ছে না। এই অবস্থায় অভিষেককে তদন্ত থেকে অব্যাহতি দেওয়া হোক। সিঙ্ঘভির আবেদন, আদালত তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেকের রক্ষাকবচ বহাল রাখুক।

১-ম পাতার পর

# হঠাৎ নয়াদিল্লি যাচ্ছেন রাজ্যপাল, যাদবপুর বিশ্ববিদ্যালয় বিতর্কের মধ্যেই ঝটিকা সফর

সূত্রের খবর। রাজ্যপালের এই ঘন ঘন নয়াদিল্লি যাওয়া নিয়ে গুঞ্জন তৈরি হয়েছে। ঝটিকা সফরে কেন রাজ্যপালকে নয়াদিল্লি যেতে হচ্ছে? তা নিয়ে উঠেছে প্রশ্ন।

এদিকে সুপ্রিম কোর্টে করা রাজ্য সরকারের মামলায় আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোসকে পার্টি করার নির্দেশ দিয়েছেন বিচারপতি। এই রায় শোনার পরই নয়াদিল্লি যাচ্ছেন রাজ্যপাল। যা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এবারও কি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে দেখা করবেন রাজ্যপাল? উঠছে প্রশ্ন। সূত্রের খবর, এখনও পর্যন্ত রাজ্যপালের কোনও নির্দিষ্ট কর্মসূচির তালিকা তৈরি হয়নি। তবে তিনি যখনই নয়াদিল্লি যান তখনই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করেন। এবারও শাহী সাক্ষাত হতে পারে। যা নিয়ে জোর চর্চা শুরু হয়েছে।অন্যদিকে উপাচার্য নিয়োগ এবং রাজ্যের শিক্ষাব্যবস্থা নিয়ে ইতিমধ্যেই নবান্ন রাজভবন সংঘাত শুরু হয়ে গিয়েছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বিষয়টি নিয়ে অত্যন্ত ক্ষুব্ধ হওয়ায় রাজ্যপালকে ক্রমাগত আক্রমণ করেছেন। কয়েকদিন আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও রাজ্যপালকে আক্রমণ করেছিলেন। সুতরাং রাজ্যপাল এই রাজ্যে এখন বিশেষ সুবিধা করে উঠতে পারছেন না। কারণ বিজেপি ছাড়া অন্য কোনও বিরোধী দল রাজ্যপালকে বিশেষ গুরুত্ব দেন না। এমনকী জাতীয় শিক্ষানীতি নিয়ে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক রয়েছে কিনা এখন সেটাই দেখার।

১-ম পাতার পর

# ইমাম ও মোয়াজ্জেমদের ভাতা বাড়ালেন মুখ্যমন্ত্রী, বাড়ল পুরোহিতদের ভাতাও

মোয়াজ্জেমদের উদ্দেশে মুখ্যমন্ত্রী আরজি, আপনারা একটু দেখবেন যাতে অশান্তি না হয়। কাউকে যেন ভুলপথে চালনা করতে না পারে।'সেই অনুষ্ঠানের মঞ্চে দাঁড়িয়ে রাজ্যের অর্থকষ্টের কথা স্বীকার করেও ভাতাবৃদ্ধির ঘোষণা করলেন তিনি।

রাজ্যে ক্ষমতার পালাবদলে পরই ইমাম-মোয়াজ্জেমদের জন্য বোর্ড গঠন করেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেই সময় থেকে ইমাম-মোয়াজ্জেমদের জন্য মাসিক ভাতা চালু করেছিলেন। তারপর দীর্ঘ ১০-১১ বছর কেটে গেলেও মাসিক ভাতা বাড়েনি। অথচ দ্রব্যমূল্য বেড়েছে অনেকটাই, ভাতাবৃদ্ধির দাবির পক্ষে এই যুক্তিই পেশ করেছেন ইমাম-মোয়াজ্জেমরা। সেই দাবিই মেনেই এবার ভাতার পরিমাণ বাড়ালেন মুখ্যমন্ত্রী। এতদিন ইমামরা মাসে ২৫০০ টাকা করে ভাতা পেতেন। সেই পরিমাণ বেড়ে হল ৩ হাজার টাকা। আর মোয়াজ্জেমরা পেতেন মাসে ১ হাজার টাকা। সেটা বেড়ে হল ১ হাজার ৫০০ টাকা। সমপরিমাণ ভাতা বেড়েছে পুরোহিতদেরও।

## পুর নিয়োগ দুর্নীতি মামলায় শীর্ষ আদালতে ধাক্কা রাজ্যের!

# ইডি, সিবিআই তদন্তের নির্দেশ বহাল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** নিয়োগ দুর্নীতি মামলায় ফের সুপ্রিম কোর্টে ধাক্কা রাজ্যের । এর আগে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে খারিজ হয়ে গিয়েছিল রাজ্যের আবেদন। এরপরই পুর নিয়োগ দুর্নীতির মামলায় ইডি, সিবিআই তদন্তের নির্দেশ খারিজ করার জন্য শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিল রাজ্য।এরপর নিয়োগ দুর্নীতি মামলায় ১৪টি পুরসভায় একসঙ্গে অভিযান চালিয়েছিল সিবিআই। সিবিআইয়ের ওই আচমকা অভিযান ঘিরে তোলপাড় পড়ে গিয়েছিল রাজ্য রাজনীতিতে। মমতা বন্দ্যোপাধ্যায় নেতাজি ইনডোরের সরকারি কর্মসূচি থেকে বলেছিলেন, বালেশ্বর রেল দুর্ঘটনা থেকে নজর ঘোরাতেই জায়গায় জায়গায় সিবিআইকে পাঠিয়ে দেওয়া হয়েছে।

পুর নিয়োগ দুর্নীতির কথা প্রথম সামনে আসে নিয়োগ দুর্নীতি মামলায় অয়ন শীল গ্রেফতার হওয়ার পর। ইডি আদালতে দাবি করেছিল, তাঁর থেকে উদ্ধার হওয়া নথিতে পুর নিয়োগে দুর্নীতির হদিশ মিলেছে। ইডি এও দাবি করে, সেইসব নথি দেখে জানা গিয়েছে, রাজ্যের ৬০টি পুরসভায় বেআইনি নিয়োগ হয়েছে। তারপরেই পৃথকভাবে সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। পরে তা সুপ্রিম কোর্ট ঘুরে হাইকোর্টে আসে। বেঞ্চ বদল হয়ে যায় বিচারপতি অমৃতা সিনহার এজলাসে।

সোমবার সপ্তাহের শুরুতে ওই মামলার শুনানিতে রাজ্যের আবেদন খারিজ করে নিম্ন আদালতের নির্দেশই বহাল রেখেছে সুপ্রিম কোর্ট।

আদালত সূত্রে জানা গিয়েছে, পুরসভায় নিয়োগ দুর্নীতির অভিযোগে সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। সেই নির্দেশ পুনর্বিবেচনার আর্জি জানিয়েছিল রাজ্য। সেই আর্জি খারিজ করে আগের নির্দেশই বহাল রাখেন বিচারপতি অমৃতা সিনহা।সিঙ্গল বেঞ্চের রায়কে চ্যালেঞ্জ করে গত মে মাসে ডিভিশন বেঞ্চে যায় রাজ্য। কিন্তু ডিভিশন বেঞ্চও সেই রায়ের উপর স্থগিতাদেশ দেয়নি। বিচারপতি বিশ্বজিত বসু এবং বিচারপতি অপূর্ব সিনহা রায়ের ডিভিশন বেঞ্চ জানিয়ে দিয়েছিল, আপাতত তদন্তে কোনও হস্তক্ষেপ করবে না আদালত। একই মামলায় পৃথকভাবে তদন্ত করছিল এনফোর্সমেন্ট ডিরেক্টরেটও। পরবর্তী শুনানিতে ইডিকে মামলার কেস ডায়েরি নিয়ে আসতে হবে বলেও জানিয়ে দেওয়া হয়।

# বিহারে সাংবাদিক হত্যা মামলার তদন্তে দল রওনা হয়েছে

## মীনাক্ষী চৌধুরী. সাংবাদিক



**নয়াদিল্লি, ২১ আগস্ট, ২০২৩ (এজেন্সি) : নিউজ সারাদিন :** ভারতীয় সাংবাদিক সমিতির (আইজেএ) প্রধান রাম নাথ বিদ্রোহির নেতৃত্বে সাংবাদিকদের একটি দল গতকাল বিহারের আরারিয়ায় এক সাংবাদিক হত্যার তদন্ত করতে আরারিয়া পরিদর্শন করেছে। সাংবাদিক সংগঠনের জয়েন্ট ফোরামের নেতা এবং ইউনাইটেড ইন্ডিয়ান জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের (ইউআইজেএ) কার্যনির্বাহী সভাপতি ড. সমরেন্দ্র পাঠক এবং সিনিয়র সাংবাদিক কুমার সামত আজ এখানে জানিয়েছেন যে জনাব বিদ্রোহী তার সফরে নিহতের পরিবার, স্থানীয় সাংবাদিক এবং প্রশাসনিক কর্মকর্তাদের সাথে দেখা করবেন। তার রিপোর্টের পর ব্যবস্থা নেওয়া হবে।

ডাঃ পাঠক জানিয়েছেন যে দলে আইজেএ জাতীয় সভাপতি রামনাথ বিদ্রোহী, জাতীয় সাধারণ সম্পাদক রঞ্জেশ কুমার ঝা "আলোক", খাগরিয়া থেকে সিনিয়র সাংবাদিক অবিনাশ কুমার সিং এবং আরও অনেক সদস্য রয়েছেন।

উল্লেখ্য, বিহারের আরারিয়া জেলার রানিগঞ্জে একটি দৈনিক পত্রিকায় কর্মরত সাংবাদিক বিমল কুমার রাইকে গুলি করে হত্যা করা হয়।

২ পাতার পর

# সবকিছু গন্ডগোল হয়ে গেলেও চন্দ্রযান নিরাপদে সফল অবতরণ করবেই, বুঝিয়ে বললেন মহাকাশবিজ্ঞানী



পাশাপাশি, ইসরোর বিজ্ঞানীরা বলছেন, যদি গতিবেগে কোনও গোলমাল হয় বা চাঁদের পিঠে নামতে দেরি হয়, তাহলেও যাতে পর্যাপ্ত জ্বালানি থাকে সেই জন্য অতিরিক্ত জ্বালানি ভরে দেওয়া হয়েছে। প্রয়োজনে বিকল্প কোনও জায়গাতেও নামতে পারে ল্যান্ডার বিক্রম। সেই সঙ্গেই থাকছে নতুন সেন্সর যার নাম লেসার ডপলার ভেলোসিটি মিটার। তিনটি ভেলোসিটি ভেক্টরও থাকছে ল্যান্ডারে। এবারের চন্দ্রযানে মোট ১৩টি থ্রাস্টার' রয়েছে, যা সফট ল্যান্ডিং করতে সাহায্য করবে। তবে ইসরো আগেই ঘোষণা করেছিল, কোনওভাবেই ব্যর্থ হবে না ভারতের তৃতীয় চন্দ্রযাত্রা। চেয়ারম্যান এস সোমনাথ বলেছিলেন, 'আগের বার চাঁদের বুকে সফট ল্যান্ডিং করার সময় গতিবেগের হেরফেরে মুখ থুবড়ে পড়ে ল্যান্ডার বিক্রম। তবে সেই ভুল আর হবে না। কারণ, 'প্ল্যান বি' তৈরি আছে। চাঁদকে পাঁচ বার চক্কর কাটার পরে চাঁদের দক্ষিণ পিঠে ৭০ ডিগ্রি দ্রাঘিমায় সফট ল্যান্ড করার সময় যদি বিক্রমের কলকব্জায় কোনও গন্ডগোল হয়, যদি ইঞ্জিন বা সেন্সর বিকলও হয়ে যায়, তাহলেও চাঁদের বুকে ল্যান্ডারকে নামানো যাবে।'

ইসরো প্রধানের কথায়, 'যদি ল্যান্ডার বিক্রমের (Chandrayaan-3) সমস্ত সেন্সর বিকল হয়ে যায় বা এর দুটি ইঞ্জিন কাজ করা বন্ধ করে দেয় সেক্ষেত্রেও চন্দ্রযান ৩ চাঁদে ল্যান্ড করতে সক্ষম হবে।' তাঁর কথায়, 'চন্দ্রযান ৩-এর ডিজাইন এমনভাবে তৈরি করা হয়েছে যাতে কোনও ব্যর্থতার মুখোমুখি হলে তা ঘুরে দাঁড়াতে পারে।'

চার বছর আগের দ্বিতীয় চন্দ্রযান মিশনের অভিজ্ঞতা কাজে লাগিয়ে চন্দ্রযান ৩-তে (chandrayaan-3) একাধিক পরিবর্তন করা হয়েছে। বিষয়টি নিয়ে ইসরোর চেয়ারম্যান এস সোমনাথ জানিয়েছেন, চন্দ্রযান ২-তে কী ত্রুটি হয়েছিল, তা খতিয়ে পরীক্ষা করা হয়েছে। সেইসব ভুল শুধরে চন্দ্রযান-৩ (chandrayaan-3) সমস্ত করে তৈরি করা হয়েছে। ২০১৯ সালের সেপ্টেম্বরে চাঁদের মাটিতে মুখ থুবড়ে পড়ে ইসরোর চন্দ্রযানের বিক্রম। ঐতিহাসিক সেই চন্দ্রযাত্রা পুরোপুরি সফল হয়নি। অরবিটার পৃথিবীর কক্ষে পৌঁছেলেও ল্যান্ডার বিক্রম সফট ল্যান্ডিং করতে পারেনি। ফলে দক্ষিণ মেরুতে ইসরোর স্বপ্নের অভিযান ব্যর্থ হয়েছিল। এবার সেই ভুলগুলো হবে না বলেই দাবি করেছে ইসরো। নতুন ব্লু-প্রিন্টে যা যা পরিবর্তন করা হয়েছে তা সঠিকভাবে কাজ করলে ২৩ অগস্ট চাঁদের বুকে ইসরোর চন্দ্রযানের অবতরণ সফল হবে। চাঁদের আঁধার পিঠের রহস্য খুঁজে বের করার লক্ষ্যে আরও একধাপ এগিয়ে যাবে ভারত।



ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৩১ সংখ্যা ২২ আগস্ট, ২০২৩ মঙ্গলবার ০৫ ভাদ্র, ১৪৩০

## সম্পাদকীয়

# মোদী-হাসিনার কথা হতে পারে জোহানেসবার্গে, আগামী মাসে বৈঠক হবে দিল্লিতেও

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোমবার তিনদিনের সফরে দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে যাচ্ছেন। সেখানে ব্রিক্স (ব্রাজিল-রাশিয়া-ভারত-চিন-দক্ষিণ আফ্রিকা)-এর উনিশতম সম্মেলনে যোগ দেবেন প্রধানমন্ত্রী। সদস্য পাঁচ রাষ্ট্র ছাড়াও যে ২০টি দেশ ব্রিক্সের সদস্য হতে আগ্রহ প্রকাশ করেছে সেই দেশগুলির অনেক রাষ্ট্রপ্রধানের সঙ্গে প্রধানমন্ত্রী একান্তে বৈঠক করবেন।হাসিনা আগামী মাসে দিল্লিতেও আসছেন। দিল্লিতে জি-২০ দেশগুলির শীর্ষ সম্মেলনে মোদী সরকার বাংলাদেশের প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছে। যদিও বাংলাদেশ এই জোটের সদস্য দেশ নয়। কিন্তু ঘনিষ্ঠ প্রতিবেশী হিসাবে ভারতে অনুষ্ঠিত হতে যাওয়া এই সম্মেলনে হাসিনাকে আমন্ত্রণ জানিয়েছেন স্বয়ং নরেন্দ্র মোদী। সেই সম্মেলনে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনও উপস্থিত থাকবেন। জি-২০ সম্মেলনের ফাঁকেও মোদী-হাসিনার বৈঠকের সম্ভাবনা রয়েছে। জোহানেসবার্গ ও নয়া দিল্লির মধ্যে ভারতের রাজধানীকেই দু-দেশের প্রধানমন্ত্রীর বৈঠকের জন্য অগ্রাধিকার দিচ্ছে বাংলাদেশ সরকার। তবে তৃতীয় দেশে বৈঠকের সম্ভাবনা উড়িয়ে দেওয়া হচ্ছে না।ব্রিক্স সম্মেলনে এবার নতুন দেশকে সদস্য করা নিয়ে কথা হবে। সদস্য হতে চায় বাংলাদেশও। সে দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর দেশের বক্তব্য তুলে ধরতে মঙ্গলবারই জোহানেসবার্গ রওনা হচ্ছেন।

আগে ঠিক ছিল রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মতো মোদীও ভার্চুয়ালি ওই বৈঠকে যোগ দেবেন। কিন্তু পরে দুটি কারণে প্রধানমন্ত্রী মত বদল করেন। প্রথমত, দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট ফোনে বিশেষভাবে ভারতের প্রধানমন্ত্রীকে অনুরোধ করেন সশরীরে জোহানেসবার্গে হাজির হতে। প্রধানমন্ত্রী সেই আমন্ত্রণ গ্রহণ করেছেন।প্রধানমন্ত্রীর সেখানে যাওয়ার দ্বিতীয় কারণ, ব্রিক্সে চিনের দাদাগিরি খর্ব করা। যে ২০টি দেশ ব্রিক্সের সদস্য হতে চেয়েছে তার মধ্যে বেশ কিছু উপসাগরীয় দেশ আছে। বিগত কয়েক বছর যাবত চিন ওই দেশগুলির সঙ্গে সখ্য বাড়িয়েছে। প্রধানমন্ত্রী মোদীও আরব দুনিয়ার সঙ্গে সুসম্পর্ক গড়ে তুলেছেন। জোহানেসবার্গে উপস্থিত থেকে নতুন সদস্য নেওয়াতে ব্রিক্সের ভারসাম্য যাতে বিঘ্নিত না হয় তা নিশ্চিত করতে চাইছেন ভারতের প্রধানমন্ত্রী। অর্থাত চিনপন্থী দেশের প্রবেশ আটকানো তাঁর লক্ষ্য।

বাংলাদেশকেও পাঁচ দেশের এই আন্তর্জাতিক মঞ্চে নেওয়ার ব্যাপারে এখনও মনস্থির করেনি ভারত। ঢাকা সফরে গিয়ে বাংলাদেশকে ব্রিক্স ব্যাঙ্কের সদস্য হতে নরেন্দ্র মোদীই প্রস্তাব করেছিলেন। কিন্তু ব্রিক্সের সদস্য হতে আমন্ত্রণ জানাননি। ভারত আসলে বুঝে নিতে চায়, বাংলাদেশ নয়া দিল্লি নাকি, বেজিং ব্রিক্সের সদস্য হয়ে কোন দেশের স্বার্থে কাজ করবে।তবে টানা দু'দিন জোহানেসবার্গে থাকার সময় মোদী-হাসিনার বৈঠকের সম্ভাবনা উজ্জ্বল হয়েছে। বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচন নিয়ে মার্কিন নিষেধাজ্ঞা, কড়াকড়ি নিয়ে হাসিনা সরকার বিরক্ত। তাদের আশঙ্কা, অবাধ নির্বাচনের কথা বলে মার্কিন প্রশাসন আসলে শেখ হাসিনার সরকারকে সরাতে চাইছে, সেন্ট মার্টিন দ্বীপের দখল পাওয়ার লক্ষ্যে। সরকারি সূত্রে দাবি করা হচ্ছে, বাংলাদেশের দক্ষিণ-পূর্ব প্রান্তে বঙ্গোপসাগরে অবস্থিত ওই দ্বীপে আমেরিকা সামরিক ঘাঁটি বানাতে চায়। হাসিনা সরকার এই ব্যাপারে মার্কিন প্রস্তাব ফিরিয়ে দিয়েছে। যদিও আমেরিকা ওই প্রস্তাবের কথা প্রকাশ্যে স্বীকার করে না।

ভারত মনে করছে, হাসিনা সরকার ক্ষমতা থেকে চলে গেলে অন্য বিপদ হাজির হবে। বাংলাদেশ আবার অতীতের মতো পুরোপুরি মৌলবাদীদের খপ্পরে চলে যেতে পারে। তাতে গোটা উপমহাদেশেই জঙ্গিবাদ মাথাচাড়া দেবে। মোদী-হাসিনা কথা হলে এই প্রসঙ্গগুলি আলোচনায় আসবে।

# “বর্তমান সরকার পাঠ্যক্রমে আঞ্চলিক ভাষায় লেখা বইয়ের উপর জোর দিচ্ছে”

**নতুন দিল্লি, ২১ আগস্ট, ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও লিঙ্কের মাধ্যমে মধ্যপ্রদেশ রোজগার মেলায় ভাষণ দিয়েছেন। সমাবেশে ভাষণে প্রধানমন্ত্রী বলেছেন, আজ যাঁরা নিয়োগপত্র পাচ্ছেন, তাঁরা এই ঐতিহাসিক সময়ে শিক্ষকতার মতো গুরুত্বপূর্ণ দায়িত্বে যোগ দিচ্ছেন। দেশের উন্নয়নে জাতীয় চরিত্রের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের বিষয়ে প্রধানমন্ত্রী লালকেল্লার প্রাকার থেকে যে ভাষণ দিয়েছিলেন সে বিষয়ে আলোকপাত করে বলেন, আজ যাঁরা চাকরি পাচ্ছেন তাঁরা ভবিষ্যৎ প্রজন্মকে তৈরি করবে, তাঁদের আধুনিক করে তুলবে এবং তাঁদের এক নতুন দিশা দেখাবে। এই রোজগার মেলার মাধ্যমে আজ মধ্যপ্রদেশের প্রাথমিক বিদ্যালয়ে সাড়ে পাঁচ হাজারেরও বেশি শিক্ষক নিয়োগপত্র পেয়েছেন, তাঁদের শুভেচ্ছাও জানান প্রধানমন্ত্রী। তিনি আরও বলেন, যে গত তিন বছরে মধ্যপ্রদেশ সরকার প্রায় ৫০ হাজার শিক্ষক নিয়োগ করেছে। এই কৃতিত্বের জন্য রাজ্য সরকারকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। নবনিযুক্ত চাকরিপ্রাপ্তরা জাতীয় শিক্ষানীতির বাস্তবায়নে মুখ্য ভূমিকা পালন করবেন এবং এক উন্নত ভারত গঠনের অবদান রাখবেন বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী দৃঢ়তার সঙ্গে বলেন, ঐতিহ্যগত জ্ঞানের পাশাপাশি ভবিষ্যতের প্রযুক্তিকে সমান গুরুত্ব দেওয়া হয়েছে। তিনি উল্লেখ করেন যে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রেও একটি নতুন পাঠ্যক্রম প্রণয়ন করা হয়েছে। মাতৃভাষায় শিক্ষাদানে অগ্রাধিকার দেওয়া হয়েছে। ইংরেজি না জানা শিক্ষার্থীদের মাতৃভাষায় শিক্ষা না দিয়ে যে অবিচার হয়েছে সেকথা তুলে ধরে প্রধানমন্ত্রী জানান, বর্তমান সরকার পাঠ্যক্রমে আঞ্চলিক ভাষার বইয়ের উপর জোর দিচ্ছে, যার উপর ভিত্তি করে দেশের শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন আসবে। “যখন ইতিবাচক চিন্তাভাবনা, সঠিক উদ্দেশ্য এবং পূর্ণ সততার সঙ্গে সিদ্ধান্ত নেওয়া হয়, তখন সামগ্রিক পরিস্থিতি ইতিবাচক হয়ে ওঠে”, সেকথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, আমৃতকালের প্রথম বছরে দুটি ইতিবাচক খবর সামনে এসেছে, তা হল দারিদ্র্য হ্রাস পেয়েছে এবং দেশ উন্নতি করেছে। প্রধানমন্ত্রী বলেন প্রথমত, নীতি আয়োগের প্রতিবেদন সামনে এসেছে। যেখানে বলা হয়েছে মাত্র ৫ বছরে দেশে ১৩.৫ কোটি ভারতীয় দারিদ্র্য সীমার উপরে উঠে এসেছে। দ্বিতীয়ত, প্রধানমন্ত্রী এবছরে আয়কর দাখিলের পরিসংখ্যান সম্পর্কে আরও একটি প্রতিবেদনের উপরে আলোকপাত করেন। সেখানে বলা হয়েছে, গত ৯ বছরে জনগণের গড় আয় বৃদ্ধি পেয়েছে। আইটিআর তথ্য তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, যেখানে ২০১৪ সালে গড় আয় ছিল প্রায় ৪ লক্ষ, ২০২৩ সালে তা বেড়ে ১৩ লক্ষ হয়েছে। তিনি আরও জানান যে, নিম্ন আয় গোষ্ঠী থেকে উচ্চ আয় গোষ্ঠীতে উন্নীত হওয়া লোকের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। প্রধানমন্ত্রী বলেন, এই পরিসংখ্যানগুলি কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং নিরন্তর উৎসাহের সঙ্গে দেশের প্রতিটি ক্ষেত্রকে শক্তিশালী করে তোলার নিশ্চয়তা দান করে।

আয়কর দাখিলের নতুন পরিসংখ্যান তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, তাঁদের সরকারের প্রতি দেশের নাগরিকের আস্থা ক্রমশ বৃদ্ধি পেয়েছে। শ্রী মোদী বলেন, এই কারণে নাগরিকরা সততার সঙ্গে আয়কর দাখিলে এগিয়ে এসেছেন। কারণ তাঁরা জানে যে, তাঁদের আয়করের প্রতিটি পয়সা দেশের উন্নয়নে ব্যয় করা হচ্ছে। এমনকি নাগরিকদের কাছে এও স্পষ্ট হয়েছে যে, ২০১৪ সালের আগে দেশের অর্থনীতি দশম স্থানে ছিল, তা এখন পঞ্চম স্থানে উঠে এসেছে। প্রধানমন্ত্রী আরও জানান যে, দেশের নাগরিকরা ২০১৪ সালের আগের সময়কালকে ভুলতে পারে না। তখন দুর্নীতিতে ভরে ছিল। তখন গরিবদের কাছে তাঁদের আধিকার পৌঁছনোর আগেই চুরি হয়ে যেতো। শ্রী মোদী বলেন, “আজ দরিদ্রদের প্রাপ্য সমস্ত অর্থ সরাসরি তাঁদের অ্যাকাউন্টে পৌঁছে যাচ্ছে।”

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, ব্যবস্থাপনায় দুর্নীতি বন্ধ হওয়ায় সরকার দরিদ্রদের কল্যাণে ব্যয় বৃদ্ধিতে সক্ষম হয়েছে। তিনি আরও জানান যে, বৃহৎ পরিমাণে বিনিয়োগ দেশের প্রতিটি প্রান্তে কর্মসংস্থান সৃষ্টি করেছে। এপ্রসঙ্গে তিনি কমন সার্ভিস সেন্টারের উদাহরণ তুলে ধরেন। তিনি জানান, ২০১৪ সাল থেকে ৫ লক্ষ নতুন কমন সার্ভিস সেন্টার তৈরি করা হয়েছে। এই ধরনের প্রতিটি কেন্দ্র আজ বহু লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। তিনি বলেন, “এর অর্থ দরিদ্র মানুষ এবং গ্রামের কল্যাণের পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।” শ্রী মোদী বলেন, শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের ক্ষেত্রে গৃহীত সুদূরপ্রসারী নীতি এবং সিদ্ধান্ত এখন কাজ করতে শুরু করেছে। স্বাধীনতা দিবসে লালকেল্লার প্রাকার থেকে পিএম বিশ্বকর্মা যোজনার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই প্রকল্প সুনির্দিষ্ট দৃষ্টিভঙ্গির প্রতিফলন। তিনি জানান, পিএম বিশ্বকর্মা যোজনা বিশ্বকর্মাদের ঐতিহ্যগত দক্ষতাকে ২১ শতকের প্রয়োজনের সঙ্গে খাপখাইয়ে নিতে সাহায্য করবে। শ্রী মোদী আরও বলেন, এক্ষেত্রে ১৩ হাজার কোটি টাকা ব্যয় করা হবে। এর ফলে ১৮টি বিভিন্ন ধরনের দক্ষতার সঙ্গে যুক্ত ব্যক্তিরা উপকৃত হবেন। এই প্রকল্পটি সমাজের সেই অংশের মানুষকে উপকৃত করবে যাঁদের নিয়ে এতদিন শুধু আলোচনাই হয়েছে, কিন্তু তাঁদের অবস্থার উন্নতিতে সমন্বিত প্রয়াস নেওয়া হয়নি। প্রধানমন্ত্রী বলেন, বিশ্বকর্মা যোজনার আওতায় প্রশিক্ষণের সঙ্গে সঙ্গে আধুনিক সরঞ্জাম কেনার জন্য সুবিধাভোগীদের আর্থিক সাহায্য দেওয়া হবে। তিনি আরও জানান, “প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনার মাধ্যমে যুবরা তাদের দক্ষতা বৃদ্ধির সুযোগ পাবেন।”

ভাষণের পরিশেষে প্রধানমন্ত্রী বলেন, যাঁরা আজ শিক্ষক হিসেবে কাজে যোগ দিচ্ছেন, তাঁরা কঠোর পরিশ্রমের মাধ্যমে এখানে পৌঁছেছেন। তাঁদের শিক্ষা গ্রহণের প্রক্রিয়া চালিয়ে যাওয়ারও আহ্বান জানান প্রধানমন্ত্রী। সরকারের তৈরি অনলাইন লার্নিং প্ল্যাটফর্ম - ওএড়এঃ কর্মযোগী বিষয় তুলে ধরে তিনি নব নিযুক্তের এর সুবিধা গ্রহণের আহ্বান জানান।

## কালীঘাটের কাকু'র মেয়ে, জামাইয়ের ভবানীপুরের ফ্ল্যাটে

# ইডি হানা, তল্লাশি আরও দু'টি জায়গায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুর্নীতি মামলায় সোমবার সকালে কলকাতা এবং সংলগ্ন তিনটি জায়গায় তল্লাশি অভিযান চালাল ইডি। তার মধ্যে রয়েছে ভবানীপুর এবং নিউ আলিপুরের ঠিকানা। ভবানীপুরের লি রোডের যে আবাসনে হানা দিয়েছে ইডি, সেখানে নিয়োগকাণ্ডের অন্যতম অভিযুক্ত 'কালীঘাটের কাকু' ওরফে সুজয়কৃষ্ণ ভদ্রের মেয়ে পারমিতা চট্টোপাধ্যায় এবং জামাই দেবরূপ চট্টোপাধ্যায় থাকেন।যদিও তদন্তকারীদের সূত্রেই জানা গিয়েছিল, সুজয় বা তাঁর জামাইকে ঋণ দেওয়ার বিষয়টি অস্বীকার করেছেন দিবাকর। ইডির তরফে দাবি করা হয়েছে, দেবরূপ একটি বেসরকারি ব্যাঙ্কের অ্যাকাউন্ট থেকে নতুন ফ্ল্যাটের টাকা মিটিয়েছিলেন। অন্য দিকে, সুজয়কৃষ্ণ একটি সরকারি ব্যাঙ্কে ওই সংস্থা থেকে ঋণবাবদ নেওয়া টাকা জমা করেছিলেন। চার্জশিটে বলা হয়েছে, ফ্ল্যাট কিনতে তিনি যে সুজয়কৃষ্ণের সহায়তা পেয়েছেন, তা স্বীকার করে নিয়েছেন জামাই দেবরূপ।ইডি সূত্রে খবর, সুজয়ের মেয়ে, জামাইয়ের ফ্ল্যাটেই হানা দেওয়া হয়েছে। আর নিউ আলিপুরের যেখানে তল্লাশি অভিযান চালানো হয়েছে, সেটি একটি সংস্থার অফিস। তদন্তকারীদের সূত্রে দাবি, সেই সংস্থার 'নিয়ন্ত্রকের' ভূমিকায় ছিলেন সুজয়। তৃতীয় ঠিকানাটি হল দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর-২ ব্লকের সাঁজুয়া। সেই ঠিকানার সংস্থাটির সঙ্গেও সুজয়-যোগ রয়েছে বলে দাবি তদন্তকারীদের ওই সূত্রের।কলকাতার নগর দায়রা আদালতে পেশ করা চার্জশিটে ইডি দাবি করেছিল, কালো টাকা সাদা করতে মেয়ে এবং জামাইকেও ব্যবহার করেছিলেন সুজয়। ১২৬ পাতার চার্জশিটের ৮৩ নম্বর পাতায় বলা হয়েছে, সুজয়কৃষ্ণের নির্দেশে প্রায় আড়াই কোটি টাকা দিয়ে কলকাতার ভবানীপুরে একটি ফ্ল্যাট কিনেছিলেন দেবরূপ চট্টোপাধ্যায় নামে এক ব্যক্তি। এই দেবরূপ হলেন সুজয়কৃষ্ণের মেয়ে পারমিতা চট্টোপাধ্যায়ের স্বামী। চার্জশিটে বলা হয়েছে, ফ্ল্যাটটি কিনতে জামাইকে দিবাকর খেমকা নামের এক ব্যক্তি এবং তাঁর অধীনস্থ সংস্থার কাছ থেকে প্রায় ২ কোটি ৬০ লক্ষ টাকার ঋণ পাইয়ে দিয়েছিলেন সুজয়কৃষ্ণ। ইডির দাবি, 'ওয়েলথ উইজার্ড' নামের একটি সংস্থার কাছ থেকে আরও ৪৫ লক্ষ টাকা ঋণের বন্দোবস্ত করে দিয়েছিলেন 'কালীঘাটের কাকু'। ইডির দাবি, এই সংস্থাটি সুজয়কৃষ্ণের অধীনস্থ। চার্জশিটেও সংস্থাটিকে অভিযুক্ত করা হয়েছে। তদন্তকারীদের সূত্রে খবর, তার তদন্তেই সুজয়ের মেয়ে-জামাইয়ের ফ্ল্যাটে এই হানা। দাবি, যে টাকা দিয়ে ফ্ল্যাটটি কেনা হয়েছে, তা 'দুর্নীতি'র টাকা।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

পার্বতী হিন্দু দেবী দুর্গার একটি রূপ। তিনি শিবের স্ত্রী এবং আদি পরাশক্তির এক পূর্ণ অবতার। তিনি গৌরি নামেও পরিচিত। শিব জীবনের বিভিন্ন সময়ে পার্বতীকে এমন অনেক মূল্যবান কথা বলেছিলেন যা আজও অনেকেরই অজানা।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## বিদেশযাত্রা নিয়ে এবার স্বস্তিতে জ্যাকুলিন





**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্রায় ২০০ কোটি রুপি তছরুপের মামলায় গ্রেফতার হয়ে কারাগারে আছেন 'কনম্যান' সুকেশ চন্দ্রশেখর। আর্থিক তছরুপের ওই মামলায় সুকেশের সঙ্গে জড়িয়ে পড়েন বলিউড অভিনেত্রী জ্যাকুলিন ফার্নান্দেজও। এই ঘটনার দু'বছর কেটে গেলেও বারবার আদালতে চক্কর কাটতে হচ্ছে জ্যাকুলিনকে। বিদেশযাত্রার জন্য বারবার আদালতে আর্জিও জানাতে হয়েছে তাকে। এবার দিল্লির একটি আদালত অভিনেত্রীকে বিদেশ যাওয়ার অনুমতি দিল। তবে সেখানে জামিনের শর্তে কিছু রদবদল করা হয়েছে।

২০২২ সালের ১৫ নভেম্বর বিচারক শৈলেন্দ্র মালিক জ্যাকুলিনের জামিন মঞ্জুর করেন। তখন আদালতের নির্দেশ ছিল, বিদেশে যাওয়ার আগে জ্যাকুলিনকে বিশেষ অনুমতি নিতে হবে। কিন্তু এখন আদালত জানিয়েছে, একজন অভিনেত্রী তার কাজের জন্য বিদেশযাত্রা করতেই পারেন। তার জন্য আগাম অনুমতিতে অনেকটাই সময় নষ্ট হয়। ফলে তা কারও পেশার ক্ষেত্রে ক্ষতিকারক হতে পারে। তাই আদালত জ্যাকুলিনের বিদেশযাত্রা মঞ্জুর করেছে। তবে বলা হয়েছে, বিদেশযাত্রার অন্তত তিন দিন আগে জ্যাকুলিনকে আদালত এবং ইডি (এনফোর্সমেন্ট ডিরেক্টরেট)-এর কাছে তা জানাতে হবে।

মামলার শেষ শুনানিতে বিচারক শৈলেন্দ্র মালিক বলেন, "এই পরিস্থিতিতে আগাম অনুমতি নেওয়া অনেক ক্ষেত্রে সময়সাপেক্ষ এবং তার ফলে কারও কাজও হাতছাড়া হতে পারে।"

এর আগে একাধিকবার বিদেশযাত্রার অনুমতি চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন জ্যাকুলিন। অভিনেত্রীর পক্ষ থেকে জানানো হয়েছিল, জামিনের শর্ত অনুযায়ী বিদেশযাত্রার অনুমতির জন্য তার আর্থিক ক্ষতি হচ্ছে। একের পর এক কাজ হাতছাড়া হচ্ছে। ২০০৯ সাল থেকে কর্মসূত্রে ভারতে রয়েছেন 'কিক ২' খ্যাত শ্রীলঙ্কান এই অভিনেত্রী। সেই প্রসঙ্গ টেনেই আদালত বলেন, অভিনেত্রী ভারতীয় আইন অনুসারে সরকারকে কর প্রদান করেন এবং এখনও পর্যন্ত জামিনের কোনও অপব্যহার করেননি। তাই পেশাগত দায়বদ্ধতার কথা চিন্তা করেই অভিনেত্রীকে বিদেশযাত্রার অনুমতি দেওয়া হয়েছে।

## হৃতিক-দীপিকার ফাইটার সিনেমার মোশন পোস্টার প্রকাশ্যে




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** প্রকাশ্যে এলো হৃতিক-দীপিকার ফাইটার সিনেমার মোশন পোস্টার। ইনস্টাগ্রামে দীপিকা পাড়ুকোন, হৃতিক রোশন ও অনিল কাপুর ফাইটার সিনেমার প্রথম মোশন পোস্টারটি শেয়ার করেছেন। এতে স্বাধীনতা দিবস উপলক্ষ্যে দেশপ্রেমের অনুভূতি প্রকাশ করা হয়।

এদিকে হৃতিক ও দীপিকার পাশাপাশি অনিল কাপুরও প্রথমবারের মতো দুজনের সঙ্গে যোগ দিচ্ছেন একই সিনেমায়। তাই বলাই যায়, ফাইটার-এর মোশন পোস্টার দেশটির স্বাধীনতা দিবসে একটি মেগা উদযাপন।

'ফাইটার' পরিচালনা করেছেন সিদ্ধার্থ আনন্দ। পোস্টারটি শেয়ার করে দীপিকা পাড়ুকোন ইনস্টাগ্রামে লিখেছেন, 'আমাদের গৌরবময় দেশের জন্য স্যালুট। ভারতের ৭৫তম প্রজাতন্ত্র দিবসের মুহূর্তে ফাইটার আসছে সিনেমা হলে। ২০২৪ সালের ২৫ জানুয়ারি।'

## 'ডন' রণবীরকে নিয়ে সমালোচনা, মুখ খুললেন ফারহান



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** 'ডন ৩'তে রণবীর সিং। খবরটি সামনে আসতেই সমাজমাধ্যমে সমালোচনার ঝড় ওঠে। যেন শাহরুখ খানের আসনে রণবীরকে দেখতে নারাজ ভক্তরা। গত কয়েক দিন ধরে ক্রমাগত সমালোচনার মুখে পড়ে মুখ খুলেছিলেন রণবীর। অবশেষে এবার মুখ খুললেন ছবির পরিচালক ফারহান আখতার।



সম্প্রতি এক সাক্ষাৎকারে ফারহান বলেন, 'আমি তো খুবই উত্তেজিত। রণবীর অসাধারণ অভিনেতা। কিন্তু ও নিজেও এই গুরুদায়িত্ব পালনে ভয় পাচ্ছে। অমিতাভ বচ্চনের জুতায় পা গলানোর সময় শাহরুখকেও একই কথা শুনতে হয়েছিল।'

তার কথায়, 'এই চরিত্রটার একটা আলাদা স্টাইল রয়েছে। আর রণবীরের মধ্যেও সেটা রয়েছে। আমার মনে হয়, চিত্রনাট্য এবং পরিচালনার দিকে থেকে এখন দায়িত্বটা আমার অনেকটাই বেশি।'

'ডন' চরিত্রে সুযোগ পাওয়ার পর সমালোচনার উত্তর দিতে সমাজমাধ্যমে একটি দীর্ঘ পোস্ট করেছিলেন রণবীর। তিনি লেখেন, 'আমি জানি, 'ডন'-এর জুতায় পা গলানোর দায়িত্ব কতটা। ফারহান আর রীতেশ আমার উপর যে ভরসা রেখেছে, তার দাম দেওয়ার জন্যে আমি নিজের সেরাটা দিতে চাই। আশা করি, দর্শকও আমাকে নিজেকে প্রমাণ করার একটা সুযোগ দেবেন।'

ফারহান জানিয়েছেন আপাতত ছবির বাকি কাস্টিং নিয়ে আলোচনা চলছে। ছবির শুটিং শুরু হবে আগামী বছর জানুয়ারি মাসে।

## ডেঙ্গুতে আক্রান্ত জেরিন খান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতেও ডেঙ্গুর প্রকোপ বেড়েছে, যার আঁচ লেগেছে মুম্বাইয়েও। প্রতিদিনই ডেঙ্গুতে আক্রান্ত হওয়ার খবর মিলছে। এর মধ্যে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন বলিউড অভিনেত্রী জেরিন খান। বর্তমানে তিনি মুম্বাইয়ের একটি হাসপাতালে চিকিৎসাধীন।

জেরিন খান তার ইনস্টাগ্রাম স্টোরিতে একটি ছবি পোস্ট করেছেন। তাতে দেখা যায়, হাতে স্যালাইনের নল লাগানো। এ ছবিতে নিজের মুখ দেখাননি এই অভিনেত্রী। তবে ক্যাপশনে তিনি লিখেছেন, জীবনের আপডেট।

জানা গেছে, মুম্বাইয়ে মশাবাহিত এ রোগ ছড়িয়ে পড়েছে। মুম্বাইয়ের স্বাস্থ্য অধিদপ্তরের বরাত দিয়ে ফ্রিপ্রেস জানিয়েছে, চলতি মাসের প্রথম সপ্তাহে মুম্বাইয়ে ১৫৭ জন ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়। ১৩ আগস্ট পর্যন্ত এ সংখ্যা ৩১৭ জনে দাঁড়িয়েছে।

উল্লেখ্য, সালমান খানের বিপরীতে 'বীর' সিনেমার মাধ্যমে বলিউডে পা রাখেন জেরিন খান। এরপর 'হেট স্টোরি-থ্রি', 'হাউজফুল', 'ওয়াজা তুম হো', 'রেডি' সিনেমায় অভিনয় করেছেন তিনি।

## টাইব্রেকার রোমাঞ্চে

# সুপার কাপ জিতল ম্যানচেস্টার সিটি




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ১০ দিন আগে কমিউনিটি শিল্ডে আর্সেনালের কাছে টাইব্রেকারে হেরে গেলেও এবার সেভিয়াকে হারিয়ে জয়ের স্বাদ পেল ম্যানচেস্টার সিটি।

আক্রমণ-পাল্টা আক্রমণে লড়াই হলো দারুণ। সেভিয়া এগিয়ে যাওয়ার পর দ্বিতীয়ার্ধে ম্যাচে ফিরল ম্যানচেস্টার সিটি। লড়াই গড়াল টাইব্রেকারে। সেখানে জিতে উয়েফা সুপার কাপ জয়ের উল্লাসে মাতল পেপ গুয়ার্দিওলার দল।

গ্রিসের এথেন্সে বুধবার রাতে নির্ধারিত সময়ে ১-১ ড্রয়ের পর শিরোপা নিষ্পত্তি হয় টাইব্রেকারে। সেখানে ৫-৪ গোলে জেতে সিটি।

পেনাল্টি শুটআউটে সিটির পাঁচ শটে গোল করেন আর্লিং হলান্ড, হুলিয়ান আলভারেস, মাতেও কোভাচিচ, জ্যাক গ্রিলিশ ও কাইল ওয়াকার।

সেভিয়ার প্রথম চার শটে জালের দেখা পান লুকাস ওকাম্পোস, রাফা মির, ইভান রাকিতিচ ও গনসালো মনতিয়েল। নেমানিয়া গোদেলের নেওয়া পঞ্চম শট ক্রসবারে লাগলে উল্লাসে ফেটে পড়ে সিটি।

মৌসুমের শুরুতে আগেরবারের চ্যাম্পিয়ন্স লিগ ও ইউরোপা লিগ জয়ীর মধ্যে হয়ে থাকে এক ম্যাচের এই শিরোপা লড়াই। প্রথমবার এখানে অংশ নিয়েই ট্রফি জিতল সিটি।

গত মৌসুমে ট্রেবল জয়ী সিটির এই বছরে চতুর্থ শিরোপা এটি।

কোচ হিসেবে চারবার সুপার কাপে অংশ নিয়ে প্রতিবারই শিরোপার স্বাদ পেলেন গুয়ার্দিওলা। ২০০৯ ও ২০১১ সালে বার্সেলোনার কোচ হিসেবে এবং ২০১৩ সালে বায়ার্ন মিউনিখের দায়িত্বে ট্রফি জিতেছিলেন এই স্প্যানিয়ার্ড।

সপ্তম মিনিটে গোলের জন্য লক্ষ্যে প্রথম শট নেয় সিটি, তবে বক্সের বাইরে থেকে গোলরক্ষক বরাবর মারেন তরুণ এটাকিং মিডফিল্ডার কোল পালমার। খানিক পর কাছ থেকে নাথান আকের হেড ফিরিয়ে দেন সেভিয়ার গোলরক্ষক ইয়াসিন বোনো। সপ্তদশ মিনিটে গ্রিলিশের জোরাল শটও ঠেকান তিনি।

সিটির আক্রমণের ঝাঁপটা সামলে ২৫তম মিনিট এগিয়ে যায় সেভিয়া। বাঁ দিক থেকে আর্জেন্টাইন ডিফেন্ডার মার্কোস আকুনার দারুণ ক্রসে বক্সে প্রতিপক্ষের দুই ডিফেন্ডারের মাঝে লাফিয়ে হেডে গোলটি করেন মরক্কোর ফরোয়ার্ড ইউসেফ এন-নেসিরি।

গোল হজমের পর সেভিয়ার ওপর চাপ বাড়ায় সিটি। তবে লা লিগার দলটির রক্ষণের সামনে প্রথমার্ধের বাকি সময়ে খুব একটা সুবিধা করতে পারেনি ইংলিশ চ্যাম্পিয়নরা। প্রথমার্ধে নিজের ছায়া হয়ে ছিলেন তাদের তারকা স্ট্রাইকার হলান্ড।

দ্বিতীয়ার্ধের পঞ্চম মিনিটে ব্যবধান বাড়ানোর সুবর্ণ সুযোগ হারান এন-নেসিরি। আর্জেন্টাইন ফরোয়ার্ড ওকাম্পোসের পাস বক্সে ফাঁকায় পেয়ে গোলরক্ষক বরাবর মারেন তিনি।

৬৩তম মিনিটে সমতায় ফেরে সিটি। বক্সের বাইরে থেকে রদ্রির ক্রসে দূরের পোস্টে হেডে বল জালে পাঠান পালমার।

চলতি মৌসুমে সিটির হয়ে ২১ বছর বয়সী এই ফুটবলারের দ্বিতীয় গোল এটি। প্রথমটি করেছিলেন এফএ কমিউনিটি শিল্ডে আর্সেনালের বিপক্ষে।

একই বছরে কমিউনিটি শিল্ড ও উয়েফা সুপার কাপে গোল করা দ্বিতীয় খেলোয়াড় তিনি। ২০০১ সালে প্রথম খেলোয়াড় হিসেবে এই কীর্তি গড়েন মাইকেল ওয়েন। পরের মিনিটে লিড পুনরুদ্ধারের সুযোগ আসে সেভিয়ার সামনে। এগিয়ে এসে এন-নেসিরির প্রচেষ্টা দারুণভাবে রুখে দেন ব্রাজিলিয়ান গোলরক্ষক এদেরসন।

বাকি সময়ে একের পর এক আক্রমণ করে যায় সিটি। ৮১তম মিনিটে ২০ গজ দূর থেকে গ্রিলিশের শট ঠেকান বুনো। নির্ধারিত সময়ের শেষ মিনিটে আকের হেডও ব্যর্থ করে দেন তিনি।

সুপার কাপে আগে নির্ধারিত সময়ে সমতা থাকলে অতিরিক্ত ৩০ মিনিট খেলা হলেও এবার সরাসরি টাইব্রেকারের নিয়ম করে উয়েফা। আড়াই মাস আগে টাইব্রেকারে জিতে ইউরোপা লিগের শিরোপা ঘরে তুললেও এবার পারল না সেভিয়া।

২০০৬ সালে প্রথমবার সুপার কাপে অংশ নিয়ে শিরোপা জয়ের পর এই নিয়ে ছয়বার রানার্সআপ হলো স্প্যানিশ ক্লাবটি।

## দুর্নীতির দায়ে দোষী স্যামুয়েলস, পাচ্ছেন শাস্তি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : দুর্নীতিবিরোধী চারটি ধারা ভঙ্গের অভিযোগে দোষী সাব্যস্ত হয়েছেন ওয়েস্ট ইন্ডিজের বিশ্বকাপ জেতার নায়ক মারলন স্যামুয়েলস। দ্রুতই তার শাস্তির বিষয়েও ঘোষণা আসবে।

২০২১ সালে সংযুক্ত আরব আমিরাত ক্রিকেট বোর্ডের পক্ষে স্যামুয়েলসের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ গঠন করেছিল আইসিসি। ২০১৯ সালে আবুধাবি টি-টেন লিগের ঘটনায় ওয়েস্ট ইন্ডিজের এই ক্রিকেটারের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছিল। সেবার ফ্র্যাঞ্চাইজ লিগটির কর্ণাটক টাস্কার্সের দলে ছিলেন স্যামুয়েলস। যদিও কোনো ম্যাচ খেলা হয়নি তার।

জানা যায়, স্যামুয়েলসের বিপক্ষে যে চারটি ধারা ভঙ্গের অভিযোগ আনা হয়েছিল, দুর্নীতিবিরোধী স্বতন্ত্র ট্রাইব্যুনালে শুনানির পর সব কটিই প্রমাণিত হয়েছে। ট্রাইব্যুনালে নিজের অধিকার স্যামুয়েলস প্রয়োগ করেছেন বলেও জানিয়েছে আইসিসি। উভয় পক্ষের যুক্তিতর্কের ভিত্তিতে স্যামুয়েলসকে শাস্তি প্রদান করা হবে। অপরাধ প্রমাণিত হবার পর আইসিসির দুর্নীতিবিরোধী কোডের ২.৪.২, ২.৪.৩, ২.৪.৬ ও ২.৪.৭ নম্বর ধারা ভেঙেছেন স্যামুয়েলস। এর ফলে ক্যারিয়ারে দ্বিতীয়বারের মত দুর্নীতিবিরোধী শাস্তির মুখে পড়তে হচ্ছে দুইবারের বিশ্বকাপজয়ী এই উইন্ডিজ তারকাকে।

ট্রাইব্যুনালের সদস্যদের অধিকাংশের সিদ্ধান্তে ২.৪.২ ধারা ভঙ্গের জন্য দোষী সাব্যস্ত করা হয়েছে স্যামুয়েলসকে। এ ধারায় বলা আছে, কোনো রকমের উপহার, অর্থ, আতিথেয়তা বা অন্য সুবিধা নেওয়ার তথ্য স্বীকৃত দুর্নীতিবিরোধী কর্মকর্তাকে না জানানোর মাধ্যমে ক্রিকেটের ভাবমূর্তি ক্ষুণ্ণ করা। বাকি তিনটি ধারায় অবশ্য স্যামুয়েলসকে ট্রাইব্যুনালের সব সদস্যই দোষী মনে করেছেন। ৭৫০ বা এর বেশি ইউএস ডলার পাওয়ার তথ্য গোপন করা, তদন্তে স্বীকৃত কর্মকর্তাকে সহযোগিতায় ব্যর্থতা ও তথ্য গোপন করে স্বীকৃত কর্মকর্তার তদন্ত কার্যক্রম বিলম্বিত করার অভিযোগে তাকে শাস্তির আওতায় আনা হয়। ২০২০ সালে পেশাদার ক্রিকেট থেকে অবসরে যান স্যামুয়েলস।

## বিশ্বকাপের আগে

# অবসরে ওয়াহাব রিয়াজ!




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : অক্টোবরেই ভারতে বসতে যাচ্ছে ওয়ানডে বিশ্বকাপের আসর। সেই সূত্র ধরেই দল গোছানোর তোড়জোর চলছে পাকিস্তানেও। তবে এর মাঝেই আচমকা অবসরের ঘোষণা দিলেন দেশটির অন্যতম পেসার ওয়াহাব রিয়াজ। আজ বুধবার সামাজিক যোগাযোগমাধ্যমের এক পোস্টে রিয়াজ জানিয়েছেন, আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বললেও ফ্র্যাঞ্চাইজি লিগে খেলা চালিয়ে যাবেন।

৩৮ বছর বয়সী এই পেসার পাকিস্তানের হয়ে ২৭টি টেস্ট, ৯১টি এক দিনের ম্যাচ এবং ৩৬টি টি-টোয়েন্টি খেলেছেন। সব মিলিয়ে ২৩৭টি উইকেট নিয়েছেন তিনি। শেষ বার পাকিস্তানের হয়ে ২০২০-র ডিসেম্বরে। পাকিস্তান সুপার লিগে নিয়মিত খেলতে দেখা গিয়েছে তাঁকে।

বুধবার তিনি টুইটারে লেখেন, 'আন্তর্জাতিক ক্রিকেট থেকে সরে দাঁড়ালাম। গত দুই বছর ধরেই অবসরের পরিকল্পনা করছিলাম।। ২০২৩-এই আন্তর্জাতিক ক্রিকেট থেকে সরে দাঁড়ানোর ব্যাপারে ঠিক করে রেখেছিলাম। দেশের সেবা করতে পেরে এবং জাতীয় দলের হয়ে নিজের সেরাটা সব সময় দিতে পেরে আমি গর্বিত। আন্তর্জাতিক পর্যায়ে পাকিস্তানের হয়ে খেলা আমার কাছে একটা গর্বের ব্যাপার।'

## ইংল্যান্ডের বিশ্বকাপ দলে নেই আর্চার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আসন্ন ওয়ানডে বিশ্বকাপের জন্য ১৫ সদস্যের প্রাথমিক স্কোয়াড ঘোষণা করেছে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। অবসর ভেঙে দলে ফিরেছেন ২০১৯ বিশ্বকাপের নায়ক বেন স্টোকস। তবে ফিটনেসের কারণে স্কোয়াডে রাখা হয়নি তারকা পেসার জোফ্রা আর্চারকে। আগামী সেপ্টেম্বরে নিউজিল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজে মুখোমুখি হবে ইংল্যান্ড। গতকাল বুধবার আসন্ন এই সিরিজের জন্য ১৫ সদস্যের স্কোয়াড করে ইংলিশ ক্রিকেট বোর্ড। মূলত নিউজিল্যান্ডের বিপক্ষে ঘোষিত ১৫ জনের দলটিই আসন্ন বিশ্বকাপে ইংল্যান্ডের প্রাথমিক দল। এমনটাই নিশ্চিত করেছেন নির্বাচক লুক রাইট। ইসিবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এ দলটিই বিশ্বকাপের শিরোপা ধরে রাখতে ভারতে নিয়ে যাওয়ার ইচ্ছা তাদের। বিশ্বকাপের চূড়ান্ত দল ঘোষণার শেষ সময় ২৭ সেপ্টেম্বর।

২০১৯ ওয়ানডে বিশ্বকাপে প্রথমবারের মতো শিরোপা জয় করেছিল ইংল্যান্ড। সেই দলের অন্যতম গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন আর্চার। ২০ উইকেট নিয়ে বিশ্বকাপ জেতায় অবদান রেখেছিলেন ২৮ বছর বয়সি এই পেসার। ফাইনালে তার সুপার ওভারের ফলেই নিউজিল্যান্ডকে আটকে রেখেছিল ইংলিশরা। এমনকি এবারের বিশ্বকাপের ভেন্যু ভারতেও ভালো রেকর্ড আছে আর্চারের। ২০১৮ আইপিএলে ১০ ম্যাচ খেলে নিয়েছিলেন ১৫ উইকেট। এমনকি খেলেছেন এবারের আইপিএলের আসরেও। তবে গেল কয়েক বছর ধরেই মাঠের বাইরে থাকতে হয়েছে তাকে। দীর্ঘ চোট কাটিয়ে বছরের শুরুর দিকে দলে ফিরেছিলেন আর্চার। সর্বশেষ আইপিএল চলাকালীন চোটে পড়ে আবারও মাঠের বাইরে চলে যেতে হয় তাকে। অন্যদিকে, গত বছর ৫০ ওভারের ক্রিকেটকে বিদায় জানিয়েছিলেন বেন স্টোকস। ইংল্যান্ডের টেস্ট অধিনায়ক এই বছরের বিশ্বকাপের আগে অবসর ভেঙে দলে ফিরলেন। নিউজিল্যান্ডের বিপক্ষে ইংল্যান্ডের এক দিনের দলে ফিরছেন স্টোকস।

ইংল্যান্ডের দল:

জস বাটলার (অধিনায়ক), মইন আলি, গাস অ্যাটকিনসন, জনি বেয়ারস্টো, স্যাম কারেন, লিয়াম লিভিংস্টোন, দাউইদ মালান, আদিল রশিদ, জো রুট, জেসন রয়, বেন স্টোকস, রিচি টপলে, ডেভিড উইলি, মার্ক উড এবং ক্রিস ওকস।

## সামনে বিশ্বকাপ, অবসর ভেঙে

# ওয়ানডেতে ফিরলেন স্টোকস



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : অবশেষে অবসর ভেঙে ইংল্যান্ডের ওয়ানডে দলে ফিরলেন অলরাউন্ডার বেন স্টোকস। গত বছর ৫০ ওভারের ক্রিকেটকে বিদায় জানিয়েছিলেন তিনি। ইংল্যান্ডের টেস্ট অধিনায়ক এই বছরের বিশ্বকাপের আগে অবসর ভেঙে দলে ফিরলেন। নিউজিল্যান্ডের বিপক্ষে ইংল্যান্ডের এক দিনের দলে ফিরেছেন স্টোকস।

২০১৯ সালে ইংল্যান্ডের বিশ্বকাপজয়ী দলের অন্যতম সদস্য ছিলেন স্টোকস। ফাইনালে নিউজিল্যান্ডের বিরুদ্ধে দলকে জেতাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন তিনি।

গত বছর ১৯ জুলাই শেষ বার এক দিনের ম্যাচ খেলেছিলেন স্টোকস। এ বারের বিশ্বকাপের আগে দলে ফেরার জন্য নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবেন তিনি।

১০৫টি আন্তর্জাতিক এক দিনের ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে স্টোকসের। ঝুলেতে রয়েছে ২৯২৪ রান। তিনটি শতরান করেছেন। ৭৪টি উইকেটও নিয়েছেন তিনি।

ইংল্যান্ডের দল: জস বাটলার (অধিনায়ক), মইন আলি, গাস অ্যাটকিনসন, জনি বেয়ারস্টো, স্যাম কারেন, লিয়াম লিভিংস্টোন, দাউইদ মালান, আদিল রশিদ, জো রুট, জেসন রয়, বেন স্টোকস, রিচি টপলে, ডেভিড উইলি, মার্ক উড এবং ক্রিস ওকস।

## যে কারণে

# পিএসজি ছাড়লেন নেইমার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ফ্রান্স ক্লাব পিএসজি ছেড়ে সৌদি আরবের ক্লাব আল হিলালে যোগ দিতে যাচ্ছেন ব্রাজিল তারকা নেইমার।

ইতোমধ্যে নেইমারকে বিক্রি করতে রাজি হয়েছে পিএসজি। খবর স্কাই স্পোর্টসের।

পেরিসে সোমবার নেইমারের মেডিকেল টেস্ট সম্পন্ন হয়। সবঠিক থাকলে বুধবার (১৬ আগস্ট) তিনি আল হিলালে যোগ দিতে রিয়াদে পৌঁছাবেন।

পিএসজির ঘনিষ্ঠ সূত্রগুলো জানিয়েছে, গত তিন ট্রান্সফার উইন্ডোতে নেইমারকে বিক্রি করতে মুখিয়ে ছিল প্যারিসের ক্লাবটি। অবশেষে সেই পথেই হাঁটল তারা। এজন্য আল হিলালের কাছ থেকে ৮৬ দশমিক ৩ মিলিয়ন ব্রিটিশ পাউন্ড পাবে দ্য প্যারিসিয়ানরা।

এর আগে ২০১৭ সালে বার্সেলোনা থেকে ২০০ মিলিয়নে পিএসজিতে আসেন নেইমার। সেসময় এটি ছিল ট্রান্সফার ফির বিশ্বরেকর্ড।

পিএসজির নতুন কোচ হয়েছেন লুইস এনরিকে। ইতোমধ্যে চাউর হয়েছে, নেইমারকে দলের মূল্য খেলোয়াড় হিসেবে বিবেচনা করছেন না তিনি। মূলত এ কারণে ক্লাবটি ছাড়ছেন ৩১ বছর বয়সী সেলেকাও তারকা। স্কাই স্পোর্টস নিউজের 'কাভেহ সোলহেকোল'-এর মতে, সৌদি আরবে বার্ষিক ১২৯ দশমিক ৪ মিলিয়ন পাউন্ড আয় করবেন নেইমার। পিএসজির চেয়ে যা ৬ গুণ বেশি।

চলতি গ্রীষ্মে লিওনেল মেসিকে ডেরায় টানার চেষ্টা করে আল হিলাল। তাকে না পেয়ে কিলিয়ান এমবাপ্পেকে দলে টানা প্রচেষ্টা চালায় তারা। ফরাসি তারকা পেতেও ব্যর্থ হয় সৌদি প্রো-লিগের ক্লাবটি। অবশেষে নেইমারকে পেল তারা।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR